

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৭/ ১১২

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
২৪ মে ২০২৬


বিষয় : ম্যানেজিং কমিটি বাতিল করা প্রসঙ্গে।

- সূত্র : ১। নং বামাশিবো/প্রশা/ ২২৪২৫১২০৫৩৬১/১১১৮২৭; তারিখ: ১৩/১০/২০২৫ খ্রি:  
২। অনলাইন অ্যাপ্লিকেশন আইডি নং ২৩৩২৬১২০৫৩৬১;  
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/ দিনাজপুর-১৭/৯৫; তারিখ: ০৬/৪/২০২৬ খ্রি.  
৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৫৫.২৭৪৭.০০০.০৮.০১১.২৪ -৩৯০; ২৬/৪/২০২৬ খ্রি.  
৫। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/ দিনাজপুর-১৭/১১৫; তারিখ: ১৩/০৫/২০২৬ খ্রি:  
৬। মাদ্রাসা প্রধানের জবাব নং- গো: গু: দা: মা: হা/২০২৬/১১; তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন গোবিন্দপুর গুমড়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। ম্যানেজিং কমিটির সভাপতির অবৈধ হস্তক্ষেপ, আইন ও বিধি বিধান লঙ্ঘন করিয়া বেআইনী সিদ্ধান্ত গ্রহন ও অপ তৎপরতা এবং নিয়োগ বাণিজ্যের প্রেক্ষিতে ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য পদত্যাগের আবেদন করার অত্র ম্যানেজিং কমিটি বাতিলের জন্য সুপার জনাব মোজাহার আলী সূত্রোক্ত ০২ নং স্মারকে অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ০৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর কে তদন্তের জন্য পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সূত্রোক্ত ০৪ নং স্মারকে তদন্ত করে অত্র বোর্ডে প্রেরণ করেছেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙে দেওয়া হবে না মর্মে সূত্রোক্ত ০৫নং স্মারকে কারণ দর্শানো পত্র দেওয়া হয়েছে। কারণ দর্শানো পত্রের জবাব মাদ্রাসার সুপার সূত্রোক্ত ০৬ নং স্মারকে দাখিল করেছেন কিন্তু সভাপতি দাখিল করে নি।

বর্ণিত অবস্থায় সূত্রোক্ত ১ নং স্মারক পত্রে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা বাতিল করা হলো। প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর এস এম তৌহিদুজ্জামান  
রেজিস্ট্রার  
ফোনঃ ৯৬১২৮৫৮  
ই-মেইল:

[registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)


- ১। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সাবেক সভাপতি, ম্যানেজিং কমিটি  
গোবিন্দপুর গুমড়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, হাকিমপুর, দিনাজপুর;  
২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, গোবিন্দপুর গুমড়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা,  
পো: মনসাপুর, হাকিমপুর, দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশা/ দিনাজপুর-১৭/ ১১২/১

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
২৪ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., ..... শাখা, হাকিমপুর, দিনাজপুর;
৬. সকল সদস্য, ম্যানেজিং কমিটি, গোবিন্দপুর গুমড়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পো: মনসাপুর, হাকিমপুর, দিনাজপুর;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।



মোঃ আব্দুর রশিদ  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

[dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)